# ডি-নথি সিস্টেম ব্যবহার সহায়িকা

সংক্ষিপ্ত সংস্করণ

এসপায়ার টু ইনোভেট (এটুআই) প্রোগ্রাম

তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ


# ডি-নথি সিস্টেম ব্যবহার সহায়িকা

ব্যবহারকারী নিজ নিজ **ইউজার আইডি এবং পাসওয়ার্ড** দিয়ে ডি-নথি সিস্টেমে প্রবেশ করলেই ডাক মডিউল দেখতে পারবেন অথবা উপরের বাম দিকের মেন্যু থেকে **"ডাক"** আইকনে ক্লিক করে ডাক মডিউল দেখতে পারবেন।





**চিত্রঃ ডি-নথি লগইন পেজ**

ডি-নথি সিস্টেমের হোম পেজে ডিফল্টভাবে আগত ডাকের তালিকা দেখা যাবে। ডানে ব্যবহারকারীর নাম, পদবী ও শাখা দেখা যাবে। নাম ও পদবীর এই অংশটিতে ক্লিক করলে প্রোফাইল, হেল্প ডেস্ক এবং লগ আউট করার অপশন পাওয়া যাবে।





**চিত্রঃ ডি-নথি হোম পেজ-ডাক মডিউল**

## ১। দাপ্তরিক ডাক আপলোডঃ





**চিত্রঃ ডি-নথি হোম পেজ-ডাক আপলোড**


- **ডাক** বাটনে ক্লিক করতে হবে।
- বামপাশের মেন্যু থেকে **ডাক আপলোড** বাটনে ক্লিক করতে হবে।
- **দাপ্তরিক ডাক** বাটনে ক্লিক করলে ডাক আপলোডের উইন্ডো চলে আসবে।
- **ব্রাউজ** বাটনে ক্লিক করে কম্পিউটারের সংরক্ষিত ফাইল নির্বাচন করতে হবে
- মূলপত্র বাছাই করতে হবে।
- প্রেরক বাছাই এর জন্য **অফিসার খুঁজুন অপশন** থেকে কর্মকর্তার নাম অথবা পদবী দিয়ে কাঙ্ক্ষিত কর্মকর্তাকে খুঁজে পাওয়া যাবে।
- অথবা, **অফিসার বাছাই করুন** অপশন থেকে মন্ত্রণালয়, বিভাগ, দপ্তর, অফিস, শাখা নির্বাচন করতে হবে অথবা অফিস খুঁজুন অপশন থেকে কাঙ্ক্ষিত অফিসের কর্মকর্তাকে খুঁজে পাওয়া যাবে।
- অথবা, ই-ফাইল সিস্টেমে নেই এমন কাউকে প্রেরক হিসেবে বাছাই করতে **তথ্য নিজে লিখুন** বাটনে ক্লিক করে তার নাম, ইমেইল, পদবী, শাখা, কার্যালয় এর তথ্য লিখে নিশ্চিত করুন বাটনে ক্লিক করলে প্রেরক বাছাই হবে।
- **ডাকের বিবরণ** অংশে স্মারক নম্বর, স্মারকের তারিখ, প্রেরণের মাধ্যম এবং বিষয় বাছাই করতে হবে।
- **সিদ্ধান্ত দিন** অংশে ডিফল্ট সিদ্ধান্ত দেয়া থাকবে, প্রয়োজনমত সিদ্ধান্ত সম্পাদন করা যাবে।
- প্রাপক অংশে **নতুন সিল বানান** বাটনে ক্লিক করে বাম পাশ থেকে নিজ শাখার পদসমূহ থেকে নামের পাশের চেক বক্সে টিক চিহ্ন ক্লিক করে প্রাপক তালিকা বাছাই করতে হবে এবং সংরক্ষণ করতে হবে।
- প্রাপক তালিকা হতে মূল প্রাপক বাছাই করতে হবে এরপর কার্যার্থে অনুলিপি, জ্ঞাতার্থে অনুলিপি ও দৃষ্টি আকর্ষণ বাছাই করা যায়।
- **খসড়া সংরক্ষণ** বাটনে ক্লিক করলে সংরক্ষণ হবে অথবা, **প্রেরণ** বাটনে ক্লিক করলে সরাসরি প্রাপক দের আগত ডাকে চলে যাবে।



## ২। ডাক প্রেরণঃ







ডি-নথি সিস্টেমে তিন ভাবে ডাক প্রেরণ করা যায়ঃ

**ক. ডাক বিস্তারিত দেখেঃ** ইউজার যে ডাকটি প্রেরণ করতে চাচ্ছেন সেই ডাকটির উপর ক্লিক করলে ডাকের বিস্তারিত ওপেন হয়, পেজের উপরে ডান দিকে অ্যাকশন বাটন দেখা যায়, তন্মধ্যে **ডাক প্রেরণ** করুন বাটন ক্লিক করে ইউজার ডাক প্রেরণ করতে পারবেন।

**খ. সরাসরি প্রেরণঃ** ডাক তালিকা থেকে সংশ্লিষ্ট ডাকের উপর মাউস নিলে অ্যাকশন বাটন দেখা যায়, তন্মধ্যে **ডাক প্রেরণ** করুন বাটন ক্লিক করে ইউজার ডাক প্রেরণ করতে পারবেন।

**গ. একাধিক ডাক একত্রে প্রেরণঃ** ইউজার তার ডাক তালিকা হতে ডাকের বাম পাশে চেকবক্সের মাধ্যমে একাধিক ডাক বাছাই করে পেজের উপরে ডাক প্রেরণ করুন বাটন ক্লিক করে একাধিক ডাক একত্রে প্রেরণ করতে পারবেন।

## ৩। ডাক নথিতে উপস্থাপনঃ








**ক. সরাসরি উপস্থাপনঃ** আগত ডাক তালিকা হতে যে ডাকটি ইউজার নথিতে উপস্থাপন করতে চান উক্ত ডাকের সর্ব ডানে **নথিতে উপস্থাপন** বাটন পাবেন। উক্ত বাটন ব্যবহার করে ইউজার তার ডাক ড্যাশবোর্ড হতে সরাসরি ডাক নথিতে উপস্থাপন করতে পারবেন।

**খ. ডাক বিস্তারিত দেখেঃ** ইউজার যে ডাকটি নথিতে উপস্থাপন করতে চাচ্ছেন সেই ডাকটির উপর ক্লিক করে ওপেন করলে ডাক বিস্তারিত পেজের উপরে ডান দিকে **নথিতে উপস্থাপন** বাটন পাবেন। উক্ত বাটন ব্যবহার করে ইউজার ডাক নথিতে উপস্থাপন করতে পারবেন।

**গ. একাধিক ডাক বাছাই ও নথিতে উপস্থাপনঃ** আগত ডাক তালিকা হতে ডাকের বাম পাশের চেকবক্সের মাধ্যমে একাধিক ডাক বাছাই করে ডাক ড্যাশবোর্ড পেজের উপরে **নথিতে উপস্থাপন** বাটন ব্যবহার করে একাধিক ডাক নথিতে উপস্থাপন করা যায়।







চিত্রঃ ডাক নথিতে উপস্থাপন—নথি এবং নোট বাছাই

- **নথিতে উপস্থাপন** বাটন ক্লিক করার পর ব্যবহারকারী তার সকল নথি তালিকার নথিসমূহ দেখতে পাবেন, সেখান থেকে কাঙ্ক্ষিত নথিটি খুঁজে নিতে হবে।
- প্রদর্শিত তালিকা থেকে ডাক সংশ্লিষ্ট নথি সিলেক্ট করতে হবে।
- নথির নোট তালিকা ওপেন হবে এবং বিষয়ের উপর ভিত্তি করে নোট নির্বাচন করতে হবে। এখানে পূর্বের কোন নোটে উপস্থাপন করতে চাইলে সেই নোটের বাম পাশের **চেক বক্স** বাটনে ক্লিক করে ডাক নথিতে উপস্থাপন করতে পারবেন।
- যদি ড্রপডাউন সেকশনে কোনো নোট না পাওয়া যায় অথবা তালিকাতে ডাক সংশ্লিষ্ট বিষয়ের নোট না থাকে তাহলে ব্যবহারকারী নতুন নোট বাটনে ক্লিক করে [+ নতুন নোট] নোটের বিষয় লিখে সংরক্ষণ করে নতুন নোট নিতে পারবেন।
- নোট বাছাই বা নতুন নোট সংরক্ষণের পর ডাকটি নথিতে উপস্থাপিত হবে এবং নোটাংশ ও পত্রাংশ পাশাপাশি প্রদর্শিত হবে।

## ৪। নথির ধরণ তৈরি







- **নথি** বাটনে ক্লিক করতে হবে
- স্ক্রিনের বামদিকে **নতুন নথি তৈরি** বাটনে ক্লিক করতে হবে
- উপরে ডানদিকে **ধরণের তালিকা** বাটনে ক্লিক করার পর নতুন ধরণ তৈরি করুন বাটনে ক্লিক করতে হবে
- আই [ⓘ] বাটনে ক্লিক করলে নথির ধরণ তৈরি বিষয়ে **সচিবালয়ের নির্দেশমালা** দেখা যাবে
- বিষয়ের ধরণ ও ধরণের কোড নম্বর লিখে **সংরক্ষণ** বাটনে ক্লিক করলে নতুন ধরণ তৈরি হয়ে যাবে

### ৫। নথি তৈরিঃ

- **নথি** বাটনে ক্লিক করতে হবে।
- নথির ধরনের নিচের ড্রপডাউন মেনু থেকে **নথির ধরণ নির্বাচন** করতে হবে।
- নথির নম্বর স্বয়ংক্রিয়ভাবে পূরণ হবে, তবে প্রযোজ্য ক্ষেত্রে শেষ ৫ ডিজিট পরিবর্তন করা যাবে।
- **নথির শ্রেণী নির্বাচন** করতে হবে, আই ⓘ বাটনে ক্লিক করলে নথির ধরণ তৈরি বিষয়ে সচিবালয়ের নির্দেশমালা দেখা যাবে।
- **নথির বিষয়** লিখতে হবে।
- **সংরক্ষণ** বাটনে ক্লিক করলে শুধুমাত্র নথি তৈরিকারীকে অনুমতিপ্রাপ্ত বিবেচনা করে নথিটি তৈরি হবে।
- **অনুমতি সংশোধন** বাটনে ক্লিক করলে সংশ্লিষ্ট নথিতে যারা কাজ করবেন তাদেরকে নির্বাচন করার উইন্ডো আসবে।
- কর্মকর্তা নির্বাচন করে **সংরক্ষণ** বাটনে ক্লিক করলে নথিটি তৈরি হবে।
- পরবর্তীতে সকল নথি হতে নির্দিষ্ট নথিটির **নথি সম্পাদনা এবং অনুমতি সংশোধন** বাটনে ক্লিক করে অনুমতিপ্রাপ্তদের তালিকা সংশোধন করা যাবে।




### ৬। স্ব-উদ্যোগে/নির্দেশিত হয়ে নথি উপস্থাপনঃ





- ব্যবহারকারীকে নথি মডিউলের বাম পার্শে সাবমেনু থেকে **সকল নথি** নির্বাচন করতে হবে।
- নথি তালিকা হতে ব্যবহারকারী তার প্রয়োজন/বিষয় অনুযায়ী **নথি নির্বাচন** করবেন।
- সংশ্লিষ্ট নথি নির্বাচন করলে উক্ত নথির নোট তালিকা দেখা যাবে এবং বিষয়ের উপর ভিত্তি করে নোট নির্বাচন করতে হবে।
- এখানে পূর্বের কোন নোটে উপস্থাপন করতে চাইলে সেই নোটের উপর ক্লিক করলে নতুন অনুচ্ছেদ লেখার জন্য নোটাংশ এবং পত্রাংশ সংবলিত উইন্ডোটি ওপেন হবে।
- যদি ড্রপডাউন সেকশনে কোনো নোট না পাওয়া যায় অথবা তালিকাতে ডাক সংশ্লিষ্ট বিষয়ের নোট না থাকে তাহলে ব্যবহারকারী **নতুন নোট** বাটনে ক্লিক করে **নোটের বিষয় লিখে** সংরক্ষণ করে নতুন নোটে অনুচ্ছেদ নিতে পারবেন।
- নোটে অনুচ্ছেদ লিখে সংশ্লিষ্ট প্রাপককে **প্রেরণ** করতে হবে।



## ৭। নোট লেখা-নোটাংশ ও পত্রাংশঃ

নোটাংশ ও পত্রাংশ পেজে গুরুত্বপূর্ণ (চিহ্নিত) অপশনের বিবরণঃ




**চিত্রঃ নোটে অনুচ্ছেদ লেখা**

**১. বিষয় সম্পাদনা করুনঃ** নোটের বিষয় সম্পাদনা করতে পারবেন।

**২. গার্ড ফাইল বাছাই করুনঃ** ফাইলে/নোটে বরাতসুত্র (রেফারেন্স) হিসাবে বিভিন্ন আইন, সার্কুলার, বিধি, ম্যানুয়াল নথিতে ব্যবহার করতে পারবেন।

**৩. পত্র বাছাই করুন/বিবেচ্য পত্রঃ** নোটাংশে ডাক/পত্র রেফারেন্স হিসেবে অনুচ্ছেদে যুক্ত করতে পারবেন।

**৪. পতাকা বাছাই করুনঃ** পত্রাংশ হতে বাছাইকৃত পতাকা রেফারেন্স হিসাবে অনুচ্ছেদে দিতে পারবেন।

**৫. অনুচ্ছেদ বাছাই করুনঃ** উক্ত নথির পূর্বের অনুচ্ছেদসমূহ রেফারেন্স হিসাবে অনুচ্ছেদে দিতে পারবেন।

**৬. সংযুক্ত-রেফ বাছাই করুনঃ** প্রযোজ্য ক্ষেত্রে ফাইলসমূহ রেফারেন্স হিসাবে অনুচ্ছেদে দিতে পারবেন।

**৭. সিদ্ধান্ত বাছাই করুনঃ** বহুল ব্যবহৃত সিদ্ধান্তসমূহ উল্লেখিত আইকনে ক্লিক করে অনুচ্ছেদে যুক্ত করতে পারবেন। উল্লেখ্য যে এক্ষেত্রে নথি মডিউলে **নথি সিদ্ধান্তসমূহ** অপশনে সিদ্ধান্ত তালিকায় পূর্বেই যুক্ত করে সক্রিয় করে নিতে হবে।

**৮. পতাকাঃ** পত্রাংশ হতে সম্পূর্ণ পত্রটি বা পত্রে নির্দিষ্ট পৃষ্ঠা পতাকা হিসাবে বাছাই করতে পারবেন। এক্ষেত্রে শিরোনাম অবশ্যই দিতে হবে।

অনুচ্ছেদ লেখা সম্পন্ন হলে **সংরক্ষণ করুন** [সংরক্ষণ করুন] বাটনে ক্লিক করে অনুচ্ছেদ সংরক্ষণ করতে হবে। নতুন অনুচ্ছেদ লিখতে **নতুন অনুচ্ছেদ** [+ নতুন অনুচ্ছেদ] বাটনে ক্লিক করতে হবে। নোটটি পরবর্তী প্রাপকের নিকট প্রেরণ করতে - **প্রেরণ** [প্রেরণ] বাটনে ক্লিক করে সংশ্লিষ্ট প্রাপক নির্বাচনের পর পুনরায় **প্রেরণ** বাটনে ক্লিক করলে নথিটি পরবর্তী প্রাপকের নিকট চলে যাবে।

সংশ্লিষ্ট প্রাপককে প্রেরণের নামের তালিকায় না পাওয়া গেলে **অনুমতি সংশোধন** [অনুমতি সংশোধন] বাটনে ক্লিক করে সংশ্লিষ্ট ব্যক্তিকে নথিতে অনুমতি প্রদান করে **সংরক্ষণ করুন** বাটনে [সংরক্ষণ করুন] ক্লিক করে সংরক্ষণ করলে প্রাপকের তালিকায় উক্ত কর্মকর্তার নাম পাওয়া যাবে।

## ৮। পত্রের খসড়া তৈরিঃ

- নোটানুচ্ছেদ সংরক্ষণ করার সময় ড্রপডাউন হতে **সংরক্ষণ ও খসড়া** বাটনে ক্লিক করলে অথবা নোট সংরক্ষণের পর **খসড়া তৈরি** বাটনে ক্লিক করলে অফিস স্মারকে পত্রের খসড়া তৈরির উইন্ডো আসবে।
- অফিস স্মারক ব্যতীত অন্যান্য টেমপ্লেট এর ক্ষেত্রে বামপাশের পত্রের ধরণের ড্রপডাউন মেনু থেকে পত্রের ধরণ নির্বাচন করা যাবে।
- সূত্রসহ (ডাক নথিতে উপস্থাপনের ক্ষেত্রে) খসড়া পত্র তৈরি করতে পত্রাংশের উপরের **খসড়া তৈরি** বাটনে ক্লিক করলে সূত্রসহ পত্রের বিষয় দৃশ্যমান হবে।
- প্রযোজ্য ক্ষেত্রে অগ্রাধিকার ও গোপনীয়তা নির্বাচন করতে হবে।
- ডান পাশের **পত্র গ্রহণকারী** অংশে অনুমোদনকারী বাটন এর ডান পাশের আইকন-এ ক্লিক করে পত্রের **অনুমোদনকারী (স্বাক্ষরকারী) নির্বাচন** করতে হবে।
- **প্রেরক বাটন** এর ডান পাশের আইকন-এ ক্লিক করে **প্রেরক নির্বাচন** করতে হবে (প্রযোজ্য ক্ষেত্রে)
- পত্রের অনুমোদনকারী এবং প্রেরক একই ব্যক্তি হলে শুধু অনুমোদনকারী নির্বাচন করলেই হবে।
- প্রাপক বাটন এর ডান পাশের আইকন-এ ক্লিক করে **৪টি পদ্ধতিতে** (অফিসার খুঁজুন, অফিসার বাছাই করুন, অফিসার গ্রুপ এবং প্রাপক সিস্টেমে না থাকলে নিজে তথ্য লিখুন অপশন থেকে) পত্রের **প্রাপক নির্বাচন** করা যাবে
- দৃষ্টি আকর্ষণ বাটন এর ডান পাশের আইকন-এ ক্লিক করে পত্রের **দৃষ্টি আকর্ষণ প্রাপক নির্বাচন** করা যাবে (প্রযোজ্য ক্ষেত্রে)।
- অনুলিপি বাটন এর ডান পাশের আইকন-এ ক্লিক করে পত্রের **অনুলিপি প্রাপক নির্বাচন** করতে হবে (প্রযোজ্য ক্ষেত্রে)।
- **পত্রের বিষয়** টাইপ করতে হবে।
- পত্রের বডিতে **সম্পাদনা বাটনে** ক্লিক করে পত্রের বডি সম্পাদনা করতে হবে।
- ওয়ার্ড ফাইলের লেখা কপি করে পত্রের বডিতে পেস্ট করা যাবে।
- পত্রের বডিতে লেখা ও সম্পাদনা শেষ হলে **সম্পাদনা শেষ করুন** বাটনে ক্লিক করতে হবে।
- **সংযুক্তি** বাটনে ক্লিক করে পত্রের সাথে সংযুক্তি যুক্ত করা যাবে এবং **পত্র পেজ সেটিংস** বাটনে ক্লিক করে প্রয়োজনমত পত্রের পেজ সেটআপ করা যাবে।
- ডান পাশে উপরে দিকে **সংরক্ষণ করুন** বাটনে ক্লিক করে পত্রটি সংরক্ষণ করতে হবে এবং পত্রটি পত্রাংশ অংশে প্রদর্শিত হবে।
- সবশেষে প্রেরণ বাটনে ক্লিক করে নথিটি (নোট ও খসড়া) পত্রসহ **অনুমোদনকারীর** নিকট **প্রেরণ** করতে হবে।



## ৯। খসড়াপত্র অনুমোদনঃ

- খসড়া পত্রটি অনুমোদনকারীর নিকট আসলে নিম্নোক্ত বাটন সমূহ পাবেন।




- **পত্র অনুমোদন করুন** বাটনে ক্লিক করলে অনুমোদন হয়ে যাবে।
- ভুলক্রমে অনুমোদন হয়ে থাকলে পত্র অনুমোদন তুলুন বাটনে ক্লিক করলে অনুমোদন প্রত্যাহার করা যাবে।
- আইকন-এ ক্লিক করে খসড়া পত্রটি সংশোধন করা যাবে।

## ১০। পত্রজারিঃ

- অনুমোদনকারী ও প্রেরক একই ব্যক্তি হলে খসড়া পত্রটি অনুমোদনের পর তিনি **পত্রজারি বাটন** পাবেন।
- অনুমোদনকারী এবং প্রেরক ভিন্ন ব্যক্তি হলে অনুমোদনের পর অনুমোদনকারী প্রেরকের নিকট নথি প্রেরণ করবেন।
- **পত্রজারি বাটনে** ক্লিক করলে পত্রটি জারি হবে এবং নোটাংশে লাল রঙে জারি নম্বর বসবে।
- পত্রজারির পর নথিটি শাখায় প্রেরণ করতে হবে।

## ১১। নোট নিষ্পন্নঃ

- নথি অনুমোদনের পর অথবা পত্রজারি করার পর যিনি নথিতে নোটের কার্যক্রম শুরু করেছিলেন তার কাছে নথিটি ফেরত আসার পর তিনি তিনটি + নতুন অনুচ্ছেদ প্রেরণ নোট নিষ্পন্ন বাটন পাবেন।
- **নোট নিষ্পন্ন** বাটনে ক্লিক করলে নোটটি নিষ্পন্ন হবে এবং তার স্বাক্ষর পড়বে।
- ঐ নথিতে আর কোন পেন্ডিং নোট না থাকলে নথিটি স্বয়ংক্রিয়ভাবে সকল নথি তালিকায় চলে যাবে।

## ১২। অফিসার গ্রুপ তৈরিঃ




- উপরে ডাক ও নথি আইকনের পাশে **অন্যান্য মডিউল** বাটনে ক্লিক করে **অফিসার গ্রুপ** বাটনে ক্লিক করতে হবে।
- নতুন গ্রুপ তৈরির জন্য পেজের বাম পাশের **নতুন অফিসার গ্রুপ** বাটনে ক্লিক করতে হবে।
- অফিসার গ্রুপ অন্তর্ভুক্তিকরণ পেজে গ্রুপের নাম লিখতে হবে [যেমনঃ জেলা প্রশাসক (সকল)]।
- **অফিসার খুঁজুন** অপশন থেকে কর্মকর্তার নাম এবং পদবী দিয়ে কাঙ্ক্ষিত কর্মকর্তাকে খুঁজে পাওয়া যাবে।

- **অফিসার বাছাই করুন** অপশন থেকে মন্ত্রণালয়, বিভাগ, দপ্তর, অফিস, শাখা নির্বাচন করতে হবে অথবা **অফিস খুঁজুন** অপশন থেকে কাঙ্ক্ষিত অফিসের কর্মকর্তাকে খুঁজে পাওয়া যাবে।
- যাদেরকে গ্রুপে যুক্ত করতে হবে তাদের নামের পাশের চেক বক্সে টিক চিহ্ন দিলে ডান পাশের **গ্রুপে অন্তর্ভুক্ত ব্যক্তিবর্গ** তালিকায় তার নাম যুক্ত হবে এবং পাশে মোট যুক্ত পদ সংখ্যা দেখাবে।
- ই-ফাইল সিস্টেমে নেই এমন কাউকে গ্রুপে যুক্ত করতে **তথ্য নিজে লিখুন** বাটনে ক্লিক করে তার নাম, ইমেইল, পদবী, শাখা, কার্যালয় এর তথ্য লিখে **সংরক্ষণ** বাটনে ক্লিক করলে গ্রুপে অন্তর্ভুক্ত ব্যক্তিবর্গের তালিকায় তার নাম যুক্ত হবে।
- **সংরক্ষণ করুন** বাটনে ক্লিক করলে অফিসার গ্রুপসমুহে তৈরিকৃত গ্রুপ দেখাবে।
- সম্পাদনা অংশের বাটনে ক্লিক করে কাউকে গ্রুপে যুক্ত বা গ্রুপ থেকে বাদ দেওয়া যাবে এবং বাটনে ক্লিক করে উক্ত গ্রুপকে ডিলিট করা যাবে।

## ১৩। গার্ড ফাইল তৈরিঃ




- হোম পেজের উপরে ডাক ও নথি আইকনের পাশে **অন্যান্য মডিউল** বাটনে ক্লিক করে **গার্ড ফাইল** বাটনে ক্লিক করলে গার্ড ফাইলের তালিকা দেখাবে।
- পেজের বাম পাশের **গার্ড ফাইলের ধরণ** বাটনে ক্লিক করার পর + নতুন ধরণ বাটনে ক্লিক করে ধরণ লিখে **সংরক্ষণ** বাটনে ক্লিক করলে নতুন ধরনের গার্ড ফাইল তৈরি হবে।
- নতুন গার্ড ফাইল তৈরীর জন্য পেজের বাম পাশের **আপলোড গার্ড ফাইল** বাটনে ক্লিক করতে হবে।
- শিরোনাম লিখে ড্রপডাউন মেনু হতে **ধরণ বাছাই** করার পর **ব্রাউজ** বাটনে ক্লিক করে কম্পিউটারের সংরক্ষিত ফাইল নির্বাচন করতে হবে।
- **সংরক্ষণ করুন** বাটনে ক্লিক করলে ফাইলটি সংরক্ষণ হবে এবং গার্ড ফাইলের তালিকায় দেখা যাবে।